

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহান আল্লাহ আমাদেরকে তাঁর প্রতি ঈমানের সাথে তাগুতের প্রতি কুফরী (অর্থাৎ তাগুতকে অস্বীকার) করতে বলেছেন। কিন্তু তাগুত কাকে বলে?

প্রত্যেক সেই পুজ্যমান উপাস্য যে আল্লাহ্র পরিবর্তে পুজিত হয় এবং সে তাঁর এই পূজায় সম্মত থাকে অথবা আল্লাহ ও তদীয় রসুলের অবাধ্যতায় প্রত্যেক অনুসৃত বা মানিত ব্যাক্তিকেই তাগুত বলা হয়। এ দুনিয়ায় তাগুত বহু আছে। অবশ্য তাঁদের প্রধান হল পাঁচটিঃ

- (১) শয়তান।
- (২) আল্লাহ্র বিধান বিকৃতকারী অত্যাচারী শাসক।
- (৩) আল্লাহ্র অবতীর্ণকৃত বিধান ছেড়ে অন্য বিধানানুসারে বিচারকর্তা শাসক।
- (৪) আল্লাহ ব্যতিত ইলমে গায়েব (গায়েবী বা অদৃশ্য খবর জানার) দাবীদার।
- (৫) আল্লাহ্র পরিবর্তে (নযর-নিয়ায, মানত, সিজদা প্রভৃতি দ্বারা) যার পূজা করা ও যাকে (বিপদে) আহবান করা হয় এবং সে এতে সম্মত থাকে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=19

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন